বাংলা
শিক্ষণ সহায়ক

ছোটদের ছড়া সিরিজ

ছড়াং - ২

ড. এস এম ফরিদুল ইসলাম



ছড়াকার
chorakar.com



ছড়াং-২

৩+ বছর বয়সের সোনামণিদের জন্য।


ড. এস এম ফরিদুল ইসলাম

প্রতিষ্ঠাতা ও পরিচালক, সোনামণি স্কুল।
সহযোগী অধ্যাপক, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ।

ছড়াকার.কম







উৎসর্গ

তাদের,
বর্ণমালা ধরতে পারে
বানান করে পড়তে পারে
এমন বয়স যাদের।















ছড়াং-২

প্রথম প্রকাশ : অক্টোবর ২০২৬

প্রকাশক : ছড়াকার.কম

পরিবেশক : বইপুর.কম
কলকাকলি হাউজিং, আশুলিয়া, ঢাকা
সেল - ০১৮৪৫-০৫৫০৪৪

গ্রন্থস্বত্ব : ড. এস এম ফরিদুল ইসলাম
ইমেইল - faridasia@gmail.com
সেল - ০১৯১৬৮৬৮৫৮৫

প্রচ্ছদ : লেখক ও প্রকাশক।

মূল্য : হার্ড কপি ৩৫০ টাকা (US $ 5.00)
PDF কপি ১৫০ টাকা।
(US $ 2.00)

ISBN : F 978-984-36-0775-0

CHORANG-2
BY DR. S M FARIDUL ISLAM

This book is copyright protected. No part of this can be used commercially without written permission by the author

আয় আয় ছোটো

আয় আয় ছোটো
ভাত খাবি দুটো।
ভাত হলো চাল-চাল
তাই বুঝি ভারী গাল!

ভারী গালে হবে কি?
বলে দাও খাবে কী?
স্বাদ পেতে জিলাপির
চলে এসো শিগগির!







শোন ভাই কাক

শোন ভাই কাক
চুপচাপ থাক।
কিসের এত ডাকাডাকি
এত হাঁক-ডাক!

আরে ভাই যা না,
তুই কি রে কানা।
দেখিস না ভয়ে মরে
ছোট ছোট ছানা!







আজ পুতুলের বিয়ে

আজ পুতুলের বিয়ে
আলতা-কাজল দিয়ে।
টোপর মাথায় বর এসেছে
পাগলা ঘোড়া নিয়ে।

হলো মজার রান্না।
প্যাঁচা বেশি খান না।
ন-গামলা শেষ করে কয়
আর বেশি সে চান না!





টমটম

টমটম, টমটম
ঝাঁকি-ঝুঁকি কম-কম।
কোচওয়ান, দাও টান
খেতে দেবো চমচম।

টমটম, টমটম
ছুটে চলে হরদম।
ওঠে কেউ, নামে কেউ
ছুটি নেই একদম।



ব্যাঙ মেহমান

ও কোলাব্যাঙ, ও কোলাব্যাঙ
দাওয়াত খেয়ে যাও।
রেঁধে দেবো কোরমা-পোলাও
আরো যা যা চাও!

খাবার শেষে পাবে তুমি
মিষ্টি খিলিপান।
কারণ, তুমি খোকন সোনার
স্পেশাল মেহমান!







ড. এস এম ফরিদুল ইসলাম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগ হতে অত্যন্ত কৃতিত্বের সাথে তার BBA, MBA ও PhD ডিগ্রি অর্জন করেন। পিতার পদাঙ্ক অনুসরণ করে পেশাগত জীবনে তিনি একজন শিক্ষক। বর্তমানে তিনি 'এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ' -এর ব্যবসায় প্রশাসন অনুষদের সহযোগী অধ্যাপক ও ডীন হিসেবে কর্মরত আছেন। এছাড়াও তিনি ছোটদের অনলাইন প্রি-স্কুল 'সোনামনি স্কুল' -এর প্রতিষ্ঠাতা ও পরিচালক। ছোটবেলা হতেই লেখালেখিতে তার বিশেষ ঝোঁক, বিশেষত ছড়া ও কবিতা সৃষ্টিতে। তবে শিশুতোষ ছড়া ও ছড়াগান রচনায় তিনি একেবারে সিদ্ধহস্ত। শিশুশিক্ষা ও শিশুদের নিয়ে কাজ করা তার জীবনের এক মহান ব্রত। 'ছড়াং-২' শিরোনামের এই গ্রন্থে লেখক ছোট্ট সোনামণিদের ছোট্ট-ছোট্ট সব ছড়া উপহার দেয়ার মাধ্যমে তাদের মজায়-মজায় বাংলা পড়তে শেখার প্রয়াস দেখিয়েছেন। প্রতিটি শিশুর জন্য বইটি একটি আদর্শ ও সুপারিশকৃত বই। -প্রকাশক।

ছড়াকার
chorakar.com